সংবাদ সম্মেলন

তারিখ: ১০ আগষ্ট ২০১৭

Are You the Next Startup? – Season 03

তরুণ উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগের উদ্যোগ

গত প্রায় এক দশকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন চোখে পড়ার মতো। ইতোমধ্যে বাংলাদেশ স্বল্প আয়ের দেশ থেকে মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। ২০২১ সালের মধ্যে আমরা উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে কাজ করছি। সেই লক্ষ্য অর্জনের পথে যে চ্যালেঞ্জসমূহ এখনও বাধা হিসেবে বিরাজ করছে তার মধ্যে অন্যতম প্রয়োজনীয় সংখ্যক নতুন কর্মসংস্থান সৃষ্টি। বিশেষজ্ঞদের মতে, জাতীয় প্রবৃদ্ধি বেড়েছে কিন্তু কর্মসংস্থান তেমন বাড়ে নি সে কারণে কোন কোন অর্থনীতিবিদ আমাদের প্রবৃদ্ধিকে "কর্মসংস্থানহীন প্রবৃদ্ধি" বলে বর্ণনা করেছেন। আপনারা সবাই জানেন যে প্রতি বছর বাংলাদেশে ২০ লাখের বেশি তরুণ চাকরির বাজারে প্রবেশ করছে। দেশে শিক্ষিত তরুণদের প্রায় ৪০ শতাংশই বেকার। সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে, মাধ্যমিক পরীক্ষায় (এসএসসি) উত্তীর্ণ ব্যক্তিদের মধ্যে বেকারত্বের হার ৭ শতাংশ, উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (এইচএসসি) উত্তীর্ণদের মধ্যে এই হার ১৩.৭ শতাংশ; কিন্তু স্নাতক-পরবর্তী পর্যায়ের ডিগ্রিধারী ব্যক্তিদের মধ্যে বেকারত্বের হার ১৬.৪ শতাংশ। অর্থাৎ বাংলাদেশে যে ব্যক্তির শিক্ষার ডিগ্রি যত বড় তার বেকার থাকার সম্ভবনা ততো বেশি। এই পরিস্থিতির উত্তরণে নতুন উদ্যোক্তা সৃষ্টির বিকল্প নেই। এ বিষয়টিকে মাথায় রেখে নতুন উদ্যোক্তা তৈরির জন্য ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগ উদ্যোক্তা উন্নয়নে নানাবিধ উদ্যোগ গ্রহণ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় গত ১৮ ডিসেম্বর ২০১৬ থেকে 'Are You the Next Startup?' শীর্ষক একটি নতুন কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পের আওতায় সারা দেশ থেকে বাছাই করা যোগ্য এবং উদ্যমী তরুণ-তরুণীদের পূর্ণাঙ্গ বৃত্তিপ্রদানসহ তাদেরকে সফল উদ্যোক্তা হিসেবে তৈরী করা পর্যন্ত প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করা হচ্ছে।

'Are You the Next Startup?' হচ্ছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগের উদ্যোগে আয়োজিত বাংলাদেশের সম্ভাবনাময় তরুণ Startup ও উদ্যোক্তাদের খুঁজে বের করার জাতীয় মেধা অন্বেষণের রিয়ালিটি শো। এ রিয়ালিটি শো প্রতিটি বিজয়ীর মধ্যে লুকিয়ে থাকা উদ্যোক্তা হওয়ার স্বপ্নকে পরিকল্পিতভাবে বাস্তবায়ন করছে । গ্রন্থকেন্দ্রিক পড়াশোনার চক্র থেকে তরুণ প্রজন্মকে মুক্ত করে তাদেরকে সত্যিকার অর্থে স্বনির্ভর উদ্যোক্তা হিসেবে গড়ে তোলাই এ প্রকল্পের অন্যতম মূল লক্ষ্য।

'Are You the Next Startup?'এর মূল বৈশিষ্ট্য হচ্ছে বিজয়ীদের জন্য চার বছরের স্নাতক (সম্মান) কোর্সে অধ্যয়নের সুযোগ তৈরী করা। নিবিঢ় গবেষণা ও তথ্য অনুসন্ধানে দেখা গেছে যে, শুধুমাত্র যথাযথ জ্ঞান ও সঠিক দিক নির্দেশনার অভাবে অনেক Startup সফলভাবে বেড়ে উঠতে পারে না। এ কর্মসূচীর আওতায় একটি স্বতন্ত্র প্লাট ফর্মের মাধ্যমে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগের অধীনে হাতে কলমে কাজ শিখতে শিখতে অপেশাদার উদ্যোক্তারা প্রশিক্ষিত হবে ও স্নাতক ডিগ্রী অর্জনের সুযোগ পাবে। সম্ভাবনাময় ও বিজয়ী উদ্যোক্তাদের চার বছর মেয়াদী স্নাতক কোর্সে অধ্যয়নকালে ১০০% বৃত্তি প্রদান করার পাশাপাশি ব্যবহারিক ও তত্ত্বীয় শিক্ষা প্রদান করা হবে যা তাদেরকে চার বছরের শিক্ষা জীবনে একজন সফল উদ্যোক্তা হতে অনুপ্রাণিত করবে। সত্যিকার অর্থে এ প্রকল্প উদ্যোক্তা তৈরী ও দেশের বিপুল সংখ্যক শিক্ষিত বেকার যুবকদের কর্মসংস্থান তৈরীর মাধ্যমে প্রত্যক্ষভাবে জাতীয় প্রবৃদ্ধি উন্নয়নে বিশেষ অবদান রাখবে বলে আমরা মনে করি।

প্রকল্পের মূল লক্ষ্যঃ

এই প্রকল্পের মূল লক্ষ্য শিক্ষিত বেকার যুবসমাজকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি করে দেশের অর্থনীতিকে গতিশীল করা।

প্রকল্পের উদ্দেশ্যঃ

১. একুশ শতকের উপযোগী নতুন উদ্যোক্তা তৈরী করা
২. নতুন উদ্যোগ বা ব্যবসা শুরু করতে উদ্যোক্তাদের সাহায্য করা
৩. অংশগ্রহণকারীদের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখা
৪. নতুন উদ্যোক্তা তৈরীর মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা
৫. দেশের প্রথিতযশা অগ্রণী ব্যবসায়ীদের এই উদ্যোগের সাথে সম্পৃক্ত করা
৬. সর্বোপরি, নতুন উদ্যোক্তাদের ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ডিপাটমেন্ট অব অন্ট্রাপ্রিনিয়রশীপ থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করতে সহায়তা করা

বিশেষ বৈশিষ্ট্যসমূহ ঃ

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগের ব্যাচেলর অব এন্ট্রাপ্রেনিউরশীপ প্রোগ্রামে তরুণদের ১০০% বৃত্তি (জনপ্রতি প্রায় ৮ লাখ টাকা) প্রদান করা হয়ে আসছে। আমাদের দেশের খ্যাতনামা উদ্যোক্তাদের নামে এ বৃত্তি প্রদান করা হচ্ছে। প্রতি ব্যাচে শীর্ষ ২০ জন বিজয়ী তরুণকে নিম্নলিখিত হারে বৃত্তি প্রদান করা হচ্ছেঃ

শীর্ষ ৪০% বিজয়ী পাবেন ১০০% বৃত্তি = ৮জন অংশগ্রহণকারী
শীর্ষ ৩০% বিজয়ী পাবেন ৭৫% বৃত্তি = ৬জন অংশগ্রহণকারী
শীর্ষ ৩০% বিজয়ী পাবেন ৫০% বৃত্তি = ৬জন অংশগ্রহণকারী

বিজয়ীরা তাদের চার বছরের স্নাতক অধ্যয়নকালীন সময়ে তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞানার্জনের পাশাপাশি বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম হবে যা তাদের সফল উদ্যোক্তা হতে সহায়তা করবে। নারী উদ্যোক্তা, শারীরিক প্রতিবন্ধী ও বিশেষ দক্ষতা সম্পন্ন ব্যক্তিদের জন্য ৩০% কোটা নির্ধারিত থাকবে।

Are You the Next Startup? – Season 01

গত ১৮ ডিসেম্বর ২০১৬ জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে "Are You the Next Startup? – Season 01" –এর যাত্রা শুরু হয়েছিলো। আপনারা জেনে খুশি হবেন যে, শুরু থেকেই আমরা প্রত্যাশার চেয়ে বেশি সাড়া পেয়েছিলাম। প্রথম সিজনে প্রায় ২ শতাধিক শিক্ষার্থীদের ভেতর থেকে এক সপ্তাহব্যাপী বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতার মধ্য দিয়ে আমরা শীর্ষ ৪ জন শিক্ষার্থীকে বাছাই করি। তারা সবাই এখন বৃত্তিসহ আমাদের এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগে অধ্যয়ন করছে। এদের মধ্যে ২ জন ১০০% বৃত্তি এবং ২ জন ৭৫% বৃত্তিসহ এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগে অধ্যায়ন করছে।

Are You the Next Startup? – Season 02

আপনারা জেনে খুশি হবেন যে শুরু থেকেই আমাদের এই পথচলায় দেশের খ্যাতিমান, বরেণ্য উদ্যোক্তা ও প্রতিষ্ঠান আমাদের অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করছেন।আমরা আমাদের এই স্কলারশীপ প্রোগ্রামের বিজয়ী মেধাবী তরুণদের যে পূর্ণবৃত্তি প্রদাণ করে আসছি তা তাদের নামেই প্রদান করা হচ্ছে। এদেশের সামগ্রিক অগ্রগতিতে তাদের বিশেষ অবদানের প্রতি শ্রদ্ধা হিসেবে তাদের নামে এই বৃত্তির নামকরণ করতে পেরে আমরা নিজেদেরকে গর্বিত অনুভব করছি। **Season 02** তে মোট ৪ শতাধিক অংশগ্রহণকারীর মধ্য থেকে আমরা খুঁজে পেয়েছি আমাদের কাঙ্ক্ষিত সেরা ১০ জন তরুণ উদ্যোক্তা যাদের মধ্যে ৪ জন ১০০% বৃত্তি, ৪ জন ৭৫% বৃত্তি এবং ২ জন ৫০% বৃত্তিসহ এন্ট্রাপ্রেনিউরশীপ বিভাগে অধ্যয়ন করছে।

Are You the Next Startup? – Season 03

সফলতার ধারাকে বজায় রাখতে তৃতীয়বারের মত শুরু করতে যাচ্ছি আমাদের এই পথযাত্রা। এই লক্ষ্যে আজকের এই সংবাদ সম্মেলনের মাধ্যমে "**Are You the Next Startup? – Season 03** " এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হতে যাচ্ছে।

প্রিয় সাংবাদিকবৃন্দ, আমরা আশা করছি "Are You the Next Startup? Season 03 "- এর সাফল্য গত দুই বারের সাফল্যকে ছাড়িয়ে যাবে। সারাদেশের উদ্যমী তরুণদের আকৃষ্ট করে এক জমজমাট প্রতিযোগিতার মধ্য দিয়ে আমরা খুঁজে পাবো সময়ের সেরা ২০ জন সম্ভাবনাময় । তরুণ উদ্যোক্তাকে সে ব্যাপারে আমরা আত্মবিশ্বাসী। আপনাদের আন্তরিক সহযোগিতা আমাদের যাত্রাকে সাফল্যমন্ডিত করবে এবং দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

"Are You the Next Startup? – Season 03"– এর নির্বাচন পদ্ধতি ঃ

অনলাইনে দরখাস্ত আহবান শুরু	ঃ ১০ আগষ্ট ২০১৭
অনলাইনে দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	ঃ ৩১ আগষ্ট ২০১৭
অনলাইনে প্রাক নির্বাচনী রাউন্ড শুরু	ঃ ০৬ সেপ্টেম্বর ২০১৭
অনলাইনে প্রাক নির্বাচনী রাউন্ড শেষ	ঃ ০৭ সেপ্টেম্বর ২০১৭
নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রনয়ণ	ঃ ০৯ সেপ্টেম্বর ২০১৭
নির্বাচিত প্রার্থীদের অবহিতকরণ	ঃ ১০-১১ সেপ্টেম্বর ২০১৭
আইস ব্রেকিং সেশন	ঃ ১৬ সেপ্টেম্বর ২০১৭
গ্রুমিং ও বুস্ট আপ ক্যাম্প	ঃ ১৭-১৯ সেপ্টেম্বর ২০১৭
চূড়ান্ত নির্বাচনী পর্ব	ঃ ২০ সেপ্টেম্বর ২০১৭
বৃত্তি প্রদান ও ভর্তি	ঃ ২৩-২৫ সেপ্টেম্বর ২০১৭
ক্লাস ও কার্যক্রম শুরু	ঃ ২৬ সেপ্টেম্বর ২০১৭

রেজিস্ট্রেশন লিংকঃ http://next-startup.net/